

## ২.৭ অনুবিভাগ-৭: (ইউরোপ)

### ২.৭.১ পটভূমিঃ

জাতিসংঘের সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা MDGs এবং বাংলাদেশ সরকারের ৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের লক্ষ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইউরোপ অনুবিভাগ-ইউরোপীয় উন্নয়ন সহযোগী সংস্থা/ দেশ যথাঃ Department for International Development (DFID), The Swiss Agency for Development and Cooperation (SDC), ফ্রান্স এবং Agence Francaise De Development (AFD), ইউরোপীয় ইউনিয়ন (ইইউ), ইউরোপীয় ইনভেস্টমেন্ট ব্যাংক (ইআইবি), বেলজিয়াম, প্রজাতন্ত্রী জার্মানীর কারিগরি সহায়তাদানকারী সংস্থা GIZ এবং আর্থিক সহায়তাদানকারী সংস্থা KfW, নেদারল্যান্ডস, ইটালি, রাশিয়ান ফেডারেশন প্রভৃতি থেকে বৈদেশিক সহায়তা আহরণের জন্য মূলত অনুদান এবং কিছু কিছু ক্ষেত্রে ঋণ গ্রহণ করে থেকে।

ইউরোপ অনুবিভাগের আওতায় উন্নয়ন সহযোগী দেশ/সংস্থাসমূহ মূলত শিক্ষা, স্বাস্থ্য, কৃষি উন্নয়ন, দারিদ্র বিমোচন, মানব সম্পদ উন্নয়ন, শ্রম পরিবেশ ও দক্ষতা উন্নয়ন, সুশাসন ও মানবাধিকার, অর্থনৈতিক ও বাণিজ্যিক উন্নয়ন, পরিবেশ, দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি, বিদ্যুৎ ও জ্বালানী, নবায়নযোগ্য জ্বালানী, পরিবহন ও যোগাযোগ অবকাঠামোসহ সামাজিক ও অর্থনৈতিক অবকাঠামো খাতের কর্মসূচিসমূহ বাস্তবায়নে বৈদেশিক সহায়তা প্রদান করে থাকে।

২০১৩-১৪ অর্থ বছরে ইউরোপ অনুবিভাগের মোট ৬১ টি প্রকল্প চলমান ছিল। উক্ত অর্থ বছরে ১৩ (পনের) টি প্রকল্পের আর্থিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আগামী ২০১৪-১৫ অর্থ বছরে ৬৪৮.০০ মিলিয়ন মার্কিন ডলারের ১৯টি প্রকল্পে অনুদান/ঋণ চুক্তি স্বাক্ষর হওয়ার সম্ভাবনা রয়েছে।

### ২.৭.২ ২০১৩-১৪ অর্থ বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলিঃ

গত ৭-৮ মে, ২০১৪ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এন.ই.সি সম্মেলন কক্ষে বাংলাদেশ-জার্মান দ্বি-পাক্ষিক বৈঠক-২০১৪ অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠক সমাপ্তির পর উভয় দেশের সরকারের মধ্যে Summary Record স্বাক্ষর করা হয়।

এছাড়া, ২০১৩-১৪ অর্থ বছরে চলমান প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, খসড়া ঋণ চুক্তি পর্যালোচনা, নতুন প্রকল্পের অর্থায়ন প্রক্রিয়াকরণে আন্তঃমন্ত্রণালয় নেগোসিয়েশন সভা ও ওয়ার্কশপসহ মোট ৪৫-টি সভা অনুষ্ঠিত হয়েছে। ২০১৩-১৪ অর্থ বছরে ইউরোপ অনুবিভাগে অনুষ্ঠিত স্ব-স্ব উন্নয়ন সহযোগী/সংস্থার সাথে সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি/প্রকল্পসমূহের বর্ণনা নিচে দেয়া হয়েছে।

## ২.৭.৩ গুরুত্বপূর্ণ প্রকল্পের ঋণ/অনুদান চুক্তি স্বাক্ষরের বিবরণীঃ



চিত্রঃ বাংলাদেশ সরকার এবং ফরাসি সরকারের মধ্যে Decentralized Cooperation-শীর্ষক Framework Agreement স্বাক্ষর অনুষ্ঠানে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন ও স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব বেগম জুয়েনা আজিজ এবং ফরাসি সরকারের মান্যবর রাষ্ট্রদূত H.E. Mr. Michel Trinquier উপস্থিত ছিলেন।

## DFID+SDC+ DANIDA

### প্রকল্পের নামঃ Agribusiness for Trade Competitiveness Project (ATC-P)

- চুক্তি স্বাক্ষরের তারিখ : ০৬ এপ্রিল ২০১৪
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ : বাণিজ্য মন্ত্রণালয়
- অনুদানের পরিমাণ : ২৮.৫ মিলিয়ন CHF (৩১.৫৬ মিলিয়ন মার্কিন ডলার)
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদ : ১৫ অক্টোবর ২০১৩ হতে ১৫ মার্চ ২০১৪ পর্যন্ত।
- প্রকল্পের উদ্দেশ্য : প্রকল্পের মাধ্যমে বাণিজ্য মন্ত্রণালয়ের রপ্তানী ভিত্তি (Export Base) ও আমদানি প্রতিস্থাপন (Import Substitution) পণ্য সম্প্রসারণের লক্ষ্যে পণ্য বহুমুখীকরণ, পণ্য উন্নয়ন এবং পণ্য উপযোগীকরণ (Export Readiness) সম্পর্কিত কার্যাদি গ্রহণ করা।

## GAIN (Global Alliance for Improved Nutrition)

প্রকল্পের নামঃ Fortification of Edible Oil in Bangladesh (Phase-II) Project.

- চুক্তি স্বাক্ষরের তারিখ : ০৯ এপ্রিল ২০১৪
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ : শিল্প মন্ত্রণালয়
- অনুদানের পরিমাণ : ১,৯৬৩,২২৯ মার্কিন ডলার
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদ : ৩১ ডিসেম্বর ২০১৩ হতে ৩১ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত
- প্রকল্পের উদ্দেশ্য : ভোজ্য তেলে ভিটামিন-A সুরক্ষিত করে ভোক্তার নিকট সরবরাহের মাধ্যমে বাংলাদেশের সাধারণ জনগণের জন্য ভিটামিন-A এর অভাব দূরীকরণের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন করা।

## DFID

প্রকল্পের নামঃ Extension of Economic Empowerment of the Poorest in Bangladesh (EEP)

- চুক্তি স্বাক্ষরের তারিখ : ২৮ এপ্রিল ২০১৪
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
- অনুদানের পরিমাণ : ১৮.৫৫৭ মিঃ পাঃ স্টার্লিং (৩১.৫৮ মিলিয়ন মার্কিন ডলার)
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদ : ২৫ ফেব্রুয়ারি ২০০৮ হতে ৩১ মার্চ ২০১৬ পর্যন্ত।
- প্রকল্পের উদ্দেশ্য : পল্লী ও শহরাঞ্চলের মানুষকে চরম দারিদ্রাবস্থা (absolute poverty) থেকে বের করে টেকসই জীবিকা নির্বাহের সুযোগ সৃষ্টি করা। প্রকল্পের অধীনে সুবিধাভোগীদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য স্বল্প পুর্জি ও গবাদিপশু প্রদান, কর্মসংস্থানমূলক প্রশিক্ষণ প্রদান প্রভৃতি কার্যক্রম হাতে নেয়া হয়েছে। প্রস্তাবিত অতিরিক্ত অর্থ প্রকল্পের দরিদ্র জনগোষ্ঠির সহায়তা বৃদ্ধি ও পুষ্টির উন্নয়নে ব্যবহার করা হবে।

## European Union (EU):

প্রকল্পের নামঃ Poverty Reduction through Inclusive and Sustainable Markets (PRISM)

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ২৬ ডিসেম্বর ২০১৩
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ শিল্প মন্ত্রণালয়
- বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ কুটির শিল্প কর্পোরেশন
- অনুদানের পরিমাণঃ ৩০ মিলিয়ন ইউরো
- বাস্তবায়নকালঃ জানুয়ারি ২০১৪ হতে জানুয়ারি ২০২৪ পর্যন্ত।
- প্রকল্পের উদ্দেশ্যঃ এ প্রকল্পের উদ্দেশ্য হল ক্ষুদ্র ও মাঝারি কুটির শিল্পের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দরিদ্র জনগোষ্ঠির উন্নয়ন করা।

**প্রকল্পের নামঃ Power System Expansion and Efficiency Improvement Investment Program (PSEEIIP)**

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১৮ নভেম্বর ২০১৩
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
- বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
- অনুদানের পরিমাণঃ ৮২ মিলিয়ন ইউরো
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জানুয়ারি ২০১৩ হতে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত (মূল) জানুয়ারি ২০১৩ হতে জুন ২০১৭ (প্রস্তাবিত)।
- প্রকল্পের উদ্দেশ্যঃ প্রস্তাবিত PSEEIIP কর্মসূচির মূল উদ্দেশ্য হলো- বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ দক্ষতার উন্নয়ন, নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার বৃদ্ধি, বিদ্যুৎ খাতের সংস্থাসমূহ এবং কৃষক সংগঠনসমূহের সামর্থ্য বৃদ্ধি এবং প্রকল্প ব্যবস্থাপনার উন্নয়ন।

**প্রকল্পের নামঃ “Dhaka Environmentally Sustainable Water Supply (DESW)”**

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ৩০ জুন, ২০১৪
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগঃ স্থানীয় সরকার বিভাগ
- বাস্তবায়নকারী সংস্থাঃ ঢাকা ওয়াসা
- অনুদানের পরিমাণঃ ১০০ মিলিয়ন ইউরো
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জানুয়ারি ২০১৪ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত
- প্রকল্পের উদ্দেশ্যঃ ঢাকা মহানগরীতে ক্রমবর্ধমান চাহিদার পরিপ্রেক্ষিতে পানি সঞ্চালন নিশ্চিত করার লক্ষ্যে ডু-গর্ভস্থ পানি উত্তোলনের উপর নির্ভরশীলতা কমিয়ে ডু-উপরিস্থ উৎস হতে পানি সরবরাহের ব্যবস্থা করা। প্রকল্পটি ঢাকা শহরের বাবুয়া, গুলশান, মিরপুর এবং উত্তরা এলাকায় প্রায় ২০৫ মিলিয়ন মানুষের পানির চাহিদা পূরণ করবে।

**The Netherlands:**

**প্রকল্পের নামঃ “Bangladesh Delta Plan-2100”**

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১১ ফেব্রুয়ারি ২০১৪
- উদ্যোগী মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থাঃ পরিকল্পনা মন্ত্রণালয়, পরিকল্পনা বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন
- অনুদানের পরিমাণঃ ৭.৭ মিলিয়ন ইউরো
- প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০১৫
- প্রকল্পের উদ্দেশ্যঃ বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ প্রণয়ন ও বাস্তবায়ন উন্নয়নে সহযোগী সংস্থা এবং আন্তর্জাতিক অর্থায়নকারী প্রতিষ্ঠানসমূহের সমর্থন ও প্রতিশ্রুতি গ্রহণ, বিষয়ভিত্তিক সমীক্ষার আলোকে ২০২৫, ২০৫০, ২১০০ সালের উন্নয়ন রূপরেখা প্রণয়ন, বিদ্যমান প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ও সরকারের

চ্যালেঞ্জসমূহ পর্যালোচনা, প্রাতিষ্ঠানিক সংস্কারের জন্য একটি রোডম্যাপ প্রস্তুত করা এবং বিডিপি-২১০০ বাস্তবায়নের নিমিত্ত বেসরকারি খাতকে আগ্রহী করা ইত্যাদি।

## Russian Federation and CIS Countries:

চুক্তির নামঃ “Provisional Frame Work Agreement on the Provision of Export Commodity Credits”

- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ০৯ জুলাই, ২০১৩
- বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের নামঃ স্থানীয় সরকার বিভাগ
- অনুদানের পরিমাণঃ ৫০ মিলিয়ন মার্কিন ডলার
- প্রকল্পের বাস্তবায়ন মেয়াদঃ ২০১৫-২০১৬
- উন্নয়ন সহযোগীঃ GIZ
- চুক্তির উদ্দেশ্যঃ প্রস্তাবিত চুক্তির মূল উদ্দেশ্য হচ্ছে বেলারুসের রাষ্ট্রীয় লিজিং কোম্পানি promagroleasing JSC কর্তৃক প্রতিশ্রুত ঋণ ব্যবহার করে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন মিউনিসিপাল এবং সিটি কর্পোরেশনের সেবা কাজে ব্যবহারের লক্ষ্যে লারুসের AMAKBDOR কোম্পানি কর্তৃক প্রস্তুত ও সরবরাহকৃত যন্ত্রপাতি তথাঃ Excavator Twin Drum Vibratory Roller, Backhoc loader ইত্যাদি সংগ্রহ করা।

## Federal Republic of Germany:



চিত্রঃ গত ৭-৮ মে ২০১৪ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে “Bangladesh-German Government Consultations” সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।

**প্রকল্পের নামঃ “Justice Reform and Corruption Prevention (JRCP)”**

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
  - চুক্তি স্বাক্ষরের তারিখঃ ২৮ জুলাই, ২০১৩
  - অনুদানের পরিমাণঃ ২.৫ মিলিয়ন ইউরো (প্রায় ৩.৪৫ মিলিয়ন মার্কিন ডলার)
  - প্রকল্পের বাস্তবায়ন মেয়াদঃ ০১ জুলাই, ২০১৩ / ৩০ জুন, ২০১৬
  - উন্নয়ন সহযোগীঃ GIZ
- প্রকল্পের উদ্দেশ্যঃ নির্ধারিত জেলাসমূহে অপরাধী ব্যক্তির বিচার প্রক্রিয়ার ধরণ ও বিচারপ্রাপ্তি দ্রুতকরণ এবং দুর্নীতি দমন কৌশল ও এর পরিপূরক কার্যক্রম সম্প্রসারণ করা, যাতে পাইলট জেলাসমূহে দুর্নীতিদমন কার্যক্রম বাস্তবায়নে জাতীয় দক্ষতা বৃদ্ধি পায়।

**প্রকল্পের নামঃ “Productive Use of Renewable Energy Programme (PUREP)”**

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড
- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১১ ফেব্রুয়ারি, ২০১৪
- অনুদানের পরিমাণঃ ১০.৫১৩ মিলিয়ন ইউরো (প্রায় ১৪.৩৯ মিলিয়ন মার্কিন ডলার)
- প্রকল্পের বাস্তবায়ন মেয়াদঃ ১১ ফেব্রুয়ারি, ২০১৪/৩০ ডিসেম্বর, ২০১৮
- উন্নয়ন সহযোগীঃ KfW
- প্রকল্পের উদ্দেশ্যঃ বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে নবায়নযোগ্য জ্বালানির উদ্ভাবনীমূলক ব্যবহার নিশ্চিতকরণ।

**প্রকল্পের নামঃ “Vocational Training for Women Workers in Industry in Bangladesh”**

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
  - চুক্তি স্বাক্ষরের তারিখঃ ১০ মার্চ, ২০১৪
  - অনুদানের পরিমাণঃ ২.৫ মিলিয়ন ইউরো (প্রায় ৩.৪৫ মিলিয়ন মার্কিন ডলার)
  - প্রকল্পের বাস্তবায়ন মেয়াদঃ সেপ্টেম্বর, ২০১৩ / আগস্ট, ২০১৫
  - উন্নয়ন সহযোগীঃ GIZ
- প্রকল্পের উদ্দেশ্যঃ দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে দরিদ্র যুব মহিলাগণকে উপযুক্ত বেতন/মজুরিতে গার্মেন্টস কারখানায় শ্রমিক হিসাবে এবং মধ্যম স্তরে ব্যবস্থাপনা কাজে নিয়োজিত করা। প্রকল্পটির মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্ত ৭৫ শতাংশ মহিলাকে কর্মক্ষেত্রে নিয়োজিত করার কাজে সহায়তা প্রদান করা হবে।

**প্রকল্পের নামঃ “Adaptation to Climate Change and Rehabilitation of Livelihood in South Bangladesh (CLAP)”**

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ কৃষি মন্ত্রণালয়
- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ২৪ মার্চ, ২০১৪
- অনুদানের পরিমাণঃ ৫.২৭ মিলিয়ন ইউরো (প্রায় ৭.২৭ মিলিয়ন মার্কিন ডলার)
- প্রকল্পের বাস্তবায়ন মেয়াদঃ জুলাই, ২০১৩ / ডিসেম্বর, ২০১৬
- উন্নয়ন সহযোগীঃ GIZ

প্রকল্পের উদ্দেশ্যঃ প্রতিকূল জলবায়ু সহিষ্ণু প্রযুক্তির উদ্ভাবন ও বিকাশের মাধ্যমে দেশের দক্ষিণ অঞ্চলের (বরগুনা ও পটুয়াখালি) জলবায়ু পরিবর্তনজনিত কারণে ঝুঁকিতে থাকা জনসাধারণের জীবনমান উন্নয়ন। প্রকল্পটির মাধ্যমে ঝুঁকিগ্রস্ত জনগোষ্ঠী ও স্কুলের শিক্ষার্থীদেরকে দুর্যোগ ঝুঁকি প্রশমন, জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন এবং অবকাঠামোগত উন্নয়ন সাধনের মাধ্যমে জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ সম্পর্কে অধিকতর সচেতন ও দুর্যোগ মোকাবিলায় প্রস্তুত করে তোলা হবে।

**প্রকল্পের নামঃ “Promotion of Social and Environmental Standards in the Industry (PSES Phase- 2)”**

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ বাণিজ্য মন্ত্রণালয়
- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ৩১ মার্চ, ২০১৪
- অনুদানের পরিমাণঃ ২.৫ মিলিয়ন ইউরো (প্রায় ৩.৪৫ মিলিয়ন মার্কিন ডলার)
- প্রকল্পের বাস্তবায়ন মেয়াদঃ জুলাই, ২০১০ / ডিসেম্বর, ২০১৪
- উন্নয়ন সহযোগীঃ GIZ
- প্রকল্পের উদ্দেশ্যঃ বাংলাদেশের পোষাক শিল্পের সার্বিক অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত মনোন্নয়ন ও অর্জিত সাফল্য ধরে রাখা।

**প্রকল্পের নামঃ Climate Change Adaptation in Urban Areas (CCAUA)**

- মন্ত্রণালয়/বিভাগের নামঃ স্থানীয় সরকার বিভাগ
- চুক্তি স্বাক্ষরের তারিখঃ ০১ এপ্রিল, ২০১৪
- অনুদানের পরিমাণঃ ০.৬ মিলিয়ন ইউরো (প্রায় ০.৮৩ মিলিয়ন মার্কিন ডলার)
- প্রকল্পের বাস্তবায়ন মেয়াদঃ সেপ্টেম্বর, ২০১৪/ আগস্ট, ২০১৫
- উন্নয়ন সহযোগীঃ KfW
- প্রকল্পের উদ্দেশ্যঃ বরিশাল শহরে জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি নির্ণয় ও অভিযোজনে বৈজ্ঞানিক তথ্য/উপাত্ত বিশ্লেষণে একটি সম্ভাব্যতা যাচাই শীর্ষক পাইলট প্রকল্প গ্রহণ করা, যার মাধ্যমে বরিশাল শহরে উপযুক্ত অবকাঠামোগত বিনিয়োগের সুযোগ সৃষ্টি এবং পরবর্তীতে অর্জিত অভিজ্ঞতার আলোকে বাংলাদেশের জলবায়ু ঝুঁকিপ্রবণ অন্যান্য শহরেও প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা।

বিঃ দ্রঃ এ অনুবিভাগ (ইউরোপ) সংশ্লিষ্ট চলমান প্রকল্প/কর্মসূচির তালিকা পরিশিষ্ট-৪ এ দেওয়া হলো।